# মডেল টেস্ট– ৪

## বিষয় : বাংলা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ।]*

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

মাটির তৈরি শিল্পকর্মকে আমরা বলি মাটির শিল্প বা মৃৎশিল্প। এ শিল্পের প্রধান উপকরণ হলো মাটি। তবে সব মাটি দিয়ে এ কাজ হয় না। দরকার পরিষ্কার এঁটেল মাটি। এ ধরনের মাটি বেশ আঠালো। দোআঁশ মাটি তেমন আঠালো নয়। আর বেলে মাটি তো ঝরঝরে -- তাই এগুলো দিয়ে মাটির শিল্প হয় না। এঁটেল মাটি হলেই যে তা দিয়ে শিল্পের কাজ করা যাবে তাও নয়। এর জন্য অনেক যত্ন আর শ্রম দরকার। দরকার হাতের নৈপুণ্য ও কারিগরি জ্ঞান। কুমোরদের কাছে এসব খুব সহজ। কারণ তারা বংশপরম্পরায় এ কাজ করে আসছে। আবার এ কাজের জন্য প্রয়োজন কিছু ছোটখাটো যন্ত্রপাতি ও সরঞ্জাম। সবকিছুর আগে যেটা দরকার তা হলো একটা কাঠের চাকা। এই চাকায় নরম মাটির তাল লাগিয়ে নেন কুমোররা। তারপর চাকাটি জোরে ঘোরান। আর হাত দিয়ে মাটির তাল ধরেন। এভাবে নানা আকারের মাটির পাত্র ও নানা জিনিস তৈরি করেন কুমোররা।

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) অনুচ্ছেদটি মূলত কোন বিষয় নিয়ে লেখা?

ⓚ মৃৎশিল্প ⓚⓗ মাটি

ⓖ টেরাকোটা ⓖⓗ পেশা

(ii) মৃৎশিল্পের সবচেয়ে প্রাচীন উপাদান হচ্ছে–

ⓚ বাঁশ ⓚⓗ কাঠ

ⓖ পানি ⓖⓗ মাটি

(iii) মাটির পাত্র তৈরি করেন–

ⓚ কামাররা ⓚⓗ কুমোররা

ⓖ জেলেরা ⓖⓗ তাঁতীরা

(iv) কী মাটি দিয়ে টেপা পুতুল তৈরি হয়?

ⓚ দোআঁশ ⓚⓗ বেলে

ⓖ এঁটেল ⓖⓗ কাদা

(v) মাটি দিয়ে টিপে টিপে যে পুতুল বানানো হয় তাকে কী বলে?

ⓚ নথপরা পুতুল ⓚⓗ টেপা পুতুল

ⓖ বউ-জামাই পুতুল ⓖⓗ মাটির পুতুল

http://teachingbd.com

২। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ : ১+২+২ = ৫

(ক) এঁটেল মাটির প্রধান বৈশিষ্ট্য কী?

(খ) মৃৎশিল্পের প্রধান উপাদান কী? মৃৎশিল্পের জন্য কোন মাটির দরকার হয়?

(গ) মাটির ফলক ইটের মতো পুড়িয়ে কী তৈরি হতো? কোথায় টেরাকোটার কাজ পাওয়া গেছে?

৩। প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ : ১ × ৫ = ৫

(ক) মৃৎশিল্প; (খ) উপকরণ; (গ) নৈপুণ্য; (ঘ) ঝরঝরে; (ঙ) কারিগরি।

৪। প্রদত্ত অনুচ্ছেদটির মূলভাব লেখ : ৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

রহিম সিলেট সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫ম শ্রেণিতে পড়ে। পড়াশোনার পাশাপাশি খেলাধুলায়ও তার বেশ আগ্রহ রয়েছে। স্কুলের মাঠে আন্তঃস্কুল ক্রিকেট টুর্নামেন্ট অনুষ্ঠিত হচ্ছে। আজ ফাইনাল খেলা। রহিম আগ্রহসহকারে ক্রিকেট খেলা দেখছে। ওয়ান ডে ক্রিকেট খেলা হচ্ছে। দুই দলে ১১ জন করে মোট ২২ জন খেলোয়াড় রয়েছে। মাঠে খেলার সময় একদলের দুইজন ক্রিকেটার ব্যাট করছে। অন্য দলের ১১ জন ক্রিকেটার ফিল্ডিং করছে। এই ১১ জন ক্রিকেটারের মধ্যে একজন বল করছে, একজন উইকেটের পেছনে উইকেট কিপিং করছে আর বাকি ৯ জন সারা মাঠে ফিল্ডিং করছে। এঁদের মধ্যে একজন অধিনায়ক হিসেবে মাঠে খেলার নেতৃত্ব দেয়। পুরো খেলা পরিচালনা করে দুইজন আম্পায়ার। মোট পঞ্চাশ ওভারের খেলা। প্রতি ওভারে ৬টি করে বল করা হয়। ধীর, স্থিরতা ও সহিষ্ণুতা হচ্ছে এই খেলার প্রাণ। রহিম আগ্রহ নিয়ে খেলাটি উপভোগ করছে।

৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) অনুচ্ছেদটিতে মূলত কী সম্পর্কে বলা হয়েছে?

ⓚ ফুটবল খেলা ⓚ ক্রিকেট খেলা

(ক) ফুটবল খেলা (খ) ক্রিকেট খেলা

(গ) হকি খেলা (ঘ) কাবাডি খেলা

(ii) প্রতি দলে কয়জন করে খেলোয়াড় থাকে?

(ক) ৭ জন (খ) ৯ জন

(গ) ১১ জন (ঘ) ১৩ জন

http://teachingbd.com

(iii) 'পঞ্চাশ' শব্দের 'ঞ্চ' যুক্তবর্ণটি গঠিত হয়েছে–

ⓚ ণ্ + চ ⓚ চ্ + চ

ⓖ ঞ্ + ঞ ⓘ ঞ্ + চ

(iv) খেলায় সাফল্য লাভের জন্য সবচেয়ে বেশি প্রয়োজন–

ⓚ শারীরিক শক্তি ও সাহস ⓚ পরিশ্রম ও সাহস

ⓖ ধৈর্য ও সহিষ্ণুতা ⓘ আদর্শ ও জ্ঞান

(v) সবচেয়ে বেশি সময় ধরে খেলা হয় কোনটি?

ⓚ ফুটবল ⓚ কাবাডি

ⓖ হকি ⓘ ক্রিকেট

৬। নিচে কয়েকটি শব্দ এবং শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বসিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ কর : ১ × ৫ = ৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| ক্রিকেট | একটি খেলার নামবিশেষ |
| অধিনায়ক | দলনেতা |
| অনুষ্ঠিত | সম্পাদিত |
| টুর্নামেন্ট | ক্রীড়া প্রতিযোগিতা |
| ফাইনাল | চূড়ান্ত |
| আম্পায়ার | বিচারক |

(ক) প্রতিবছর আমাদের খেলার মাঠে ক্রিকেট ——— অনুষ্ঠিত হয়।

(খ) ফুটবল প্রতিযোগিতায় আমাদের গ্রাম আজ ——— খেলবে।

(গ) বাংলাদেশের বর্তমান ওয়ান ডে ক্রিকেট দলের ——— মাশরাফি বিন মর্তুজা।

(ঘ) আজ বিকেলবেলা আমাদের মাঠে ফুটবল খেলা ——— হবে।

(ঙ) ——— একটি জনপ্রিয় খেলা।

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ৫ × ৩ = ১৫

(ক) 'ওয়ান ডে' ক্রিকেট খেলা বলতে কী বোঝায়? পাঁচটি বাক্যে লেখ।

(খ) ক্রিকেট খেলার পাঁচটি শিক্ষণীয় বিষয় লেখ।

(গ) ক্রিকেট খেলায় আম্পায়ারের ভূমিকা কেন গুরুত্বপূর্ণ? পাঁচটি বাক্যে লেখ।

৮। নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও এবং বাক্যে প্রয়োগ কর : ২×৫=১০

(ক) ন্ত; (খ) ম্প; (গ) জ্ঞ; (ঘ) স্ব; (ঙ) র্থ।

৯। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ : ৫

সেই ছেলেটি বড় হয়ে প্রথম বাঙালি বৈজ্ঞানিক হিসেবে জগদ্বিখ্যাত হয়ে ওঠেন তোমরা অনেকেই হয়তো বুঝে ফেলেছ কে তিনি হ্যাঁ সেদিনকার সেই ভাবুক ছেলেটিই উত্তরকালের স্যার জগদীশচন্দ্র বসু

১০। এককথায় প্রকাশ কর : ১ × ৫ = ৫

(ক) জানবার ইচ্ছা

(খ) তুলনামূলক বেশি শক্তি আছে যার

http://teachingbd.com

(গ) মুক্তির জন্য যে যুদ্ধ
(ঘ) পূর্বে ছিল না বা ঘটেনি এমন
(ঙ) নদী মাতা যার

*অথবা,* নিচের বাক্যগুলোর ক্রিয়াপদের চলিত রূপ লেখ :
(ক) দাদা চোখে দেখিতে পান না।
(খ) বিশিষ্ট জনের বক্তৃতা পাণ্ডিত্যপূর্ণ হইয়া থাকে।
(গ) মুক্তিযোদ্ধাদের কথা মানুষ কখনো ভুলিবে না।
(ঘ) বন্ধুর জন্য বাঁশি বাজাইয়া রাখাল বড় সুখ পায়।
(ঙ) মুখে দেওয়া মাত্র সকলের মন ভরিয়া যায়।

১১। প্রদত্ত শব্দগুলোর বিপরীত শব্দ লেখ : ১ × ৫ = ৫
(ক) ভারী; (খ) সহজ; (গ) জোরে; (ঘ) নিপুণ; (ঙ) দিনভর।

*অথবা,* প্রদত্ত শব্দগুলোর সমার্থক শব্দ লেখ :
(ক) রাজা; (খ) বাবা; (গ) বায়ু; (ঘ) সিংহ; (ঙ) বন।

১২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :
(ক) কবিতার লাইনগুলো পর পর সাজিয়ে লেখ :

কচ্ছপেরা ধীরে ৬
তটের চারিপাশ,
হাঁসের বসবাস।
রৌদ্র পোহায় তীরে,
শীতের দিনে বিদেশি সব
যেথায় ফুটে কাশ

(খ) কবিতাংশটুকু কোন কবিতার অংশ তা লেখ। ১
(গ) কবিতাটির কবির নাম কী? ১
(ঘ) কবিতাটির প্রতিপাদ্য বিষয় কী ছিল? ২

১৩। মনে কর, তুমি তাহসিন-উল-হক নাহিন। তুমি ক্ষুদে গানরাজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে আগ্রহী। এখন প্রয়োজনীয় তথ্য দ্বারা নিচের ফরমটি পূরণ কর : ৫

**ক্ষুদে গানরাজ প্রতিযোগিতা- ২০১৬**
চ্যানেল আই, তেজগাঁও, ঢাকা।

ছবি

১. নাম :
২. পিতার নাম :
৩. মাতার নাম :
৪. বিদ্যালয়ের নাম :
৫. শ্রেণি : শাখা :
৬. জন্ম তারিখ :
৭. ঠিকানা :
৮. ফোন নম্বর : ..........................

..................................
স্বাক্ষর

teachingbd.com

১৪। মনে কর, তোমার নাম আসমা। তোমার বিদ্যালয়ের নাম রহমতপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়। তোমার অসুস্থতার জন্য তিন দিনের ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখ। ৫

*অথবা,* মনে কর, তোমার নাম সুমন/সুমি। তোমার পত্রমিতার নাম ইসুজু/কিমিকো। সে জাপানে থাকে। তোমার বিদেশি বন্ধু ইসুজু/কিমিকোকে বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা দিয়ে একটি চিঠি লেখ।

১৫। নিচের যেকোনো **একটি** বিষয় নিয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ : ১০

(ক) একজন বীরশ্রেষ্ঠ : ভূমিকা – বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখ – জন্ম ও পরিচয় – কৈশোর ও কর্মজীবন – যেভাবে যুদ্ধ করে প্রাণ দিলেন/মুক্তিযুদ্ধে অবদান – সমাধি – উপসংহার।

(খ) ক্রিকেট : ভূমিকা – উৎপত্তি – মাঠ ও খেলার উপকরণ – খেলার নিয়ম – জয়-পরাজয় – ক্রিকেটে অগ্রণী দেশ – ক্রিকেট ও আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ – উপসংহার।

(গ) কম্পিউটার : ভূমিকা – কম্পিউটার আবিষ্কার – সুবিধা – অসুবিধা – উপসংহার।

(ঘ) শখের মৃৎশিল্প : ভূমিকা – মৃৎশিল্প কী – মৃৎশিল্পের উপকরণ – পোড়ামাটির প্রাচীন শিল্প – উপসংহার।

---

## মডেল টেস্ট - ৪ এর উত্তরমালা

---

১। (i) ক মৃৎশিল্প; (ii) ঘ মাটি; (iii) খ কুমোররা; (iv) গ এঁটেল; (v) খ টেপা পুতুল।

২। (ক) এঁটেল মাটির প্রধান বৈশিষ্ট্য হলো আঠালো ভাব।

(খ) মৃৎশিল্পের প্রধান উপাদান হলো মাটি।
মৃৎশিল্পের জন্য দরকার হয় পরিষ্কার এঁটেল মাটি।

(গ) মাটির ফলক ইটের মতো পুড়িয়ে টেরাকোটা তৈরি হতো।
শালবন বিহার, মহাস্থানগড়, পাহাড়পুর বৌদ্ধ স্তূপ ও দিনাজপুরের কান্তজির মন্দিরে এই টেরাকোটার কাজ রয়েছে।

৩। (ক) মাটির তৈরি শিল্পকর্মকে আমরা বলি মৃৎশিল্প; (খ) উপাদান; (গ) নিপুণতা; (ঘ) পরিষ্কার; (ঙ) শিল্পনৈপুণ্য।

৪। মৃৎশিল্পের উপাদান ও ঐতিহ্য সম্পর্কে অনুচ্ছেদটিতে বলা হয়েছে। মৃৎশিল্প বাংলাদেশের একটি ঐতিহ্যবাহী শিল্পকর্ম। এই শিল্পের প্রধান উপকরণ পরিষ্কার এঁটেল মাটি। গ্রামের কুমোররা নিপুণভাবে এসব তৈরি করেন। প্রাচীনকাল থেকে এদেশে মৃৎশিল্পের চর্চা হয়ে আসছে।

teachingbd.com

৫। (i) ⓚ ক্রিকেট খেলা; (ii) ⓖ ১১ জন; (iii) ⓘ ঞ্ + চ; (iv) ⓖ ধৈর্য ও সহিষ্ণুতা; (v) ⓘ ক্রিকেট।

৬। (ক) টুর্নামেন্ট; (খ) ফাইনাল; (গ) অধিনায়ক; (ঘ) অনুষ্ঠিত; (ঙ) ক্রিকেট।

৭। (ক) ক্রিকেট খেলার একটি সংস্করণ হলো 'ওয়ান ডে ক্রিকেট'। এই সংস্করণে দুটি দলের প্রতিটি দল ৫০ ওভার করে ব্যাটিং করে থাকে। সাত ঘণ্টার মধ্যে এই খেলা সম্পন্ন হয়। রঙিন পোশাকে এই খেলা অনুষ্ঠিত হয়। ওয়ান ডে ক্রিকেট সংস্করণে এক দলের একজন বোলার সর্বোচ্চ দশ ওভার বল করতে পারে। প্রতি ওভারে ছয়টি করে বল করা হয়।

(খ) ক্রিকেট খেলায় পাঁচটি শিক্ষণীয় বিষয় হলো– ১. ধৈর্য, ২. সমঝোতা, ৩. সতর্কতা, ৪. দায়িত্বশীলতা, ৫. একাগ্রতা।

(গ) আম্পায়ার মাঠে ক্রিকেট খেলা পরিচালনার দায়িত্ব পালন করে থাকেন। ওভারের প্রতিটি বল তিনি গণনা করেন। আম্পায়ার একজন ব্যাটসম্যানের কোন বলে কত রান হলো এবং বোলারের ওয়াইড বল ও নো বলের সংকেত দেন। খেলার মাঠের শৃঙ্খলা রক্ষার দায়িত্বও তাঁর। একজন খেলোয়াড় আউট হলে তিনি সংকেত দেন। সুতরাং বলা যায়, ক্রিকেট খেলায় আম্পায়ারের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ।

৮।

| প্রদত্ত যুক্তবর্ণ | বিভাজন | বাক্য |
|---|---|---|
| (ক) প্ত | প্ + ত | তোমাদের সুপ্ত প্রতিভা জেগে উঠুক। |
| (খ) ম্প | ম্ + প | ওদের দুই বন্ধুর সম্পর্ক খুব ভালো |
| (গ) জ্ঞ | জ্ + ঞ | অজ্ঞ লোকের কথায় কান দিও না। |
| (ঘ) স্ব | স্ + ব (ব-ফলা) | স্বার্থপরতা বড় দোষ। |
| (ঙ) র্খ | র্ (রেফ) + খ | মূর্খ লোক বিপদে পড়ে। |

৯। সাজেশনস ও উত্তরমালার বিরামচিহ্ন অংশের ১৬ নং উত্তর দ্রষ্টব্য।

১০। (ক) জিজ্ঞাসা; (খ) শক্তিধর; (গ) মুক্তিযুদ্ধ; (ঘ) অভূতপূর্ব; (ঙ) নদীমাতৃক।

*অথবা,* (ক) দাদা চোখে দেখতে পান না।

(খ) বিশিষ্ট জনের বক্তৃতা পাণ্ডিত্যপূর্ণ হয়ে থাকে।

(গ) মুক্তিযোদ্ধাদের কথা মানুষ কখনো ভুলবে না।

(ঘ) বন্ধুর জন্য বাঁশি বাজিয়ে রাখাল বড় সুখ পায়।

(ঙ) মুখে দেওয়া মাত্র সকলের মন ভরে যায়।

১১। (ক) হালকা; (খ) কঠিন; (গ) আস্তে; (ঘ) অদক্ষ; (ঙ) রাতভর।

*অথবা,* (ক) ভূপতি; (খ) পিতা; (গ) বাতাস; (ঘ) পশুরাজ; (ঙ) জঞ্জাল ।

http://teachingbd.com